গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
www.tangailsadar.tangail.gov.bd

স্মারক নং ০৫.৪১.৯৩৯৫.০০০.১০.০০০.২১.৬৭

তারিখ: ২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারি ২০২৩

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল সদর উপজেলাধীন ইজারা যোগ্য ২০(বিশ) একরের নিচে আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ০৩(তিন) বছর অর্থাৎ ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্তসাপেক্ষে আগামী ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে (২০ জানুয়ারি ২০২৩ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ) অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### অনলাইনে আবেদন ও দাখিলের তারিখ:

| ক্রঃনং | অনলাইনে আবেদনের সময় | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের তারিখ ও সময়। | আবেদনপত্র যাচাই বাছাই | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২০/০১/২০২৩ হতে ০৮/০২/২০২৩ পর্যন্ত। (বাংলা ০৬ মাঘ ১৪২৯ হতে ২৫ মাঘ ১৪২৯ পর্যন্ত) | ০৯/০২/২০২৩ হতে ১১/০২/২০২৩ পর্যন্ত (২৬ মাঘ ১৪২৯ হতে ২৮ মাঘ ১৪২৯) বিকাল ৪.০০ ঘটিকায় পর্যন্ত। | ২৬/০২/২০২৩ খ্রিঃ (০৬ ফাল্গুন ১৪২৯) | - |

| ক্র. নং. | ইউনিয়নের নাম | ইজারা যোগ্য জলমহালের নাম | মৌজা ও দাগ নং | জলমহালের আয়তন (একরে) | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে সম্ভাব্য ইজারা মূল্য (প্রতি বছরের জন্য) | ৫% বৃদ্ধিতে সম্ভাব্য ইজারা মূল্য (প্রতি তিন বছরের জন্য) | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | কারিন্দা | সুরুজ পশ্চিমপাড়া | মৌজাঃ সুরুজ দাগনং- ৮০৯ | ১.৪৪একর | ৫০০০০/- | ৫২৫০০/- | ১৫৭৫০০/- | ১৪৩০-১৪৩২ |
| ০২ | কারিন্দা | উত্তর তারটিয়া | মৌজাঃ উত্তর তারটিয়া দাগনং- ১৫৬ | ০.৬৮ একর | ৬৫০০/- | ৬৮২৫/- | ২০৪৭৫/- | ১৪৩০-১৪৩২ |

### শর্ত সমূহ:

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলাশয় ইজারা প্রদান করা হবে।

২। জলমহাল আবেদনের জন্য সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে হবে। জলমহাল আবেদনের জন্য সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক অনলাইনে ০৯/০২/২০২৩ হতে ১১/০২/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

৩। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক আগামি ০৯/০২/২০২৩ হতে ১১/০২/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।

৪। নিবন্ধিত প্রার্থীগণ অনলাইনে আবেদনের জন্য মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি, সম্পাদক এর নাম, পদবী, এনআইডি, জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখসহ সমিতির যাবতীয় তথ্যাদি পুরণ করে আবেদন দাখিল সম্পন্ন করতে হবে।

৫। দাখিলকৃত আবেদন প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদন গ্রহণ যোগ্য হবে না।

৬। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি/যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৭। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৮। আবেদনকারী কোন মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎসজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যে গুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন নেই।

৯। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

১০। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-ইজারা অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত জলমহালের ইজারা বাতিল করতে পারবেন এবং জমাকৃত ইজারার অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতে পারবেন। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১১। মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১২। আবেদনে উল্লেখিত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট জামানত হিসাবে অনলাইনে আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৩। অনলাইনের মাধ্যমে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সহিত আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তপশীল ব্যাংক হতে) দাখিল করতে হবে।

১৪। যার দরপত্র গৃহীত হবে, ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ৫% আয়কর ইজারার অর্থের সাথে প্রদান করতে হবে।

১৫। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৬। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জানা যাবে।

১৭। ইজারা প্রদান কারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২১/৩/২৩

(মোছাঃ রানুয়ারা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
টাঙ্গাইল সদর।

CamScanner